ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২য় পরিষদের ১২তম কর্পোরেশন সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব মোঃ আতিকুল ইসলাম, মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ	: ০৫ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ ।। ১৮ এপ্রিল ২০২২
সময়	: বিকাল ০৪.৩০ টা
স্থান	: বি এ এফ শাহিন হল (ক্যান্টনমেন্ট), ঢাকা।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

পবিত্র কোরআন তেলওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। সভাপতি সভায় উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর, কাউন্সিলরবৃন্দের পরিবারবর্গ এবং উর্ধ্বতন কর্মকর্তাদের মাহে রমযানের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন আমরা একটি পরিবারের মতো। এই পরিবারের বন্ধন অটুট থাকবে। সমস্যা থাকবে, সেসব সমস্যার সমাধানও থাকবে।

অতপর তিনি ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ক্রীড়া ও সাংস্কৃতিক স্থায়ী কমিটিসহ সকল স্থায়ী কমিটিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন মেয়র কাপ সুন্দর সুষ্ঠভাবে সম্পন্নের জন্য সকল সম্মানিত কাউন্সিলর ও সম্মানিত সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং ডিএনসিসি মেয়র'স কাপ-২০২১ কমিটিকে করতালির মাধ্যমে শুভেচ্ছা জানান। তিনি বলেন, মেয়র'স কাপ-২০২১ টুর্নামেন্ট সুষ্ঠুভাবে সম্পন্ন করা একটি বড় অর্জন।

সভাপতি বলেন, ভবিষ্যতে টুর্নামেন্ট আয়োজনের ক্ষেত্রে কমিটির কাছে সুপারিশ থাকবে অংশগ্রহণকারী সকল দলকে সমান হারে অর্থ বরাদ্দ না করে টুর্নামেন্টের পজিশন অনুযায়ী অর্থ বরাদ্দ করার এবং টুর্নামেন্ট প্রথম থেকেই নক আউট সিস্টেমে পরিচালনা করার অনুরোধ জানান। এছাড়াও সম্মানিত কাউন্সিলরদের উদ্দেশ্যে পাড়ায় পাড়ায় ক্রীড়া প্রতিযোগিতার পাড়া উৎসব করার অনুরোধ করেন। সভাপতি ঢাকাকে একটি সুন্দর সুষ্ঠু ও সচল শহর হিসেবে গড়ে তোলার জন্য সকলের সহযোগিতা কামনা করে বক্তব্য শেষ করেন।

প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলকে পবিত্র মাহে রমযানের শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি বলেন আমরা নানা আয়োজনে এবং নতুন নতুন ইনোভেটিব আইডিয়া বাস্তবায়নের মাধ্যমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে একটি আধুনিক ও দৃষ্টি নন্দন নগরী হিসেবে গড়ে তুলতে মাননীয় মেয়রের নেতৃত্বে কাজ করে যাচ্ছি।সম্মানিত কাউন্সিলরগণ তাদের নিজ নিজ ওয়ার্ডে দৃষ্টিনন্দন হিসেবে গড়ে তুলতে নিরলস পরিশ্রম করে যাচ্ছে। তিনি বলেন, আমরা সকলে মিলে একটি পরিবার। সকলে একসাথে ডিএনসিসি'কে একটি মডেল সিটি কর্পোরেশন হিসেবে গড়ে তুলতে চাই।

অতপরঃ সচিব সভাপতির অনুমতিক্রমে এজেন্ডাভিত্তিক আলোচনা শুরু করেন। এজেন্ডা ভিত্তিক আলোচনায় নিম্নরূপ আলোচনা হয়:

আলোচ্যসূচি-১	:	বিগত কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ।
আলোচনা	:	বিগত ২৮ মার্চ ২০২২ তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ১১তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। কোন সংশোধনী না থাকায় ২য় পরিষদের ১১তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।
সিদ্ধান্ত	:	২য় পরিষদের ১১তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-২	:	২য় পরিষদের ১১ম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।
আলোচনা	:	বিগত ২৮ মার্চ ২০২২ তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ১১তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন করা হয় এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাকে আহ্বান জানানো হয়।
সিদ্ধান্ত	:	বিগত ২৮ মার্চ ২০২২ তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ১১তম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	বিভাগীয় প্রধান (সকল)/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৩	:	মেয়র'স কাপ-২০২১ এর ব্যয় অনুমোদন প্রসঙ্গে।
আলোচনা		জনাব মোঃ শফিকুল ইসলাম, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৯ এবং সভাপতি, ক্রীড়া ও সাংস্কৃতিক স্থায়ী কমিটি সভাকে জানান, প্রতিটি ওয়ার্ডে খেলা উৎসব করার জন্য সুযোগ করা হয়েছে। সারা ঢাকা শহরে দীর্ঘ ৬ মাস কাউন্সিলরদের সহযোগীতায় ১১ অক্টোবর ২০২১ তারিখ খেলা শুর করে ৩১ মার্চ ২০২২ তারিখ খেলা সমাপ্ত করা হয়েছে। মাননীয় মেয়রের নির্দেশনায় এবং কাউন্সিলরদের সহযোগিতায় ৬ মাসে সুন্দর পরিবেশে খেলা সমাপ্ত করা হয়েছে। ৫৪ টি ওয়ার্ডে ক্রীড়ার ৩টি ইভেন্ট এক সাথে শেষ হয়েছে। সুন্দর ভাবে খেলা সমাপ্ত করার জন্য ক্রীড়া কমিটির সদস্যদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। মেয়র'স কাপ-২০২১ অনুষ্ঠানে বিভিন্ন স্পন্সরদের থেকে সংগ্রহ করা হয় ২ কোটি ৬৫ লক্ষ টাকা। যা টুর্নামেন্ট পরিচালনায় ব্যয় করা হয়। টুর্নামেন্ট পরিচালনায় সহযোগীতা করার জন্য সাইফ পাওয়ারটেক, রানার, দারাজ, আকাশ, জনতা ব্যাংক, AIUB, ওয়েস্টিন, UIU সহ সকল সহযোগী প্রতিষ্ঠানকে ধন্যবাদ জানান। তিনি বলেন যে, মাননীয় মেয়র সানুগ্রহ প্রকাশ করেছেন মেয়র'স কাপ-২০২১ চ্যাম্পিয়ন, রানার আপ ও ৩য় স্থান অধিকারী দল সমূহকে ডিএনসিসি'র তহবিল হতে প্রাইজ মানি প্রদান করা হবে। ফুটবল খেলায় ওয়ার্ড-৬ ও ওয়ার্ড-৫০ এ দুই ওয়ার্ডকে যুগ্ম চ্যাম্পিয়ন ঘোষণা করা হয়েছে। চ্যাম্পিয়ন দুই দলকে প্রাইজ মানি ১০ (দশ) লক্ষ টাকা করে ২০ (লক্ষ) টাকা, রানার আপ দল ওয়ার্ড-১৯ কে ৫ (পাঁচ) লক্ষ টাকা এবং তৃতীয় স্থান অধিকারী দল ওয়ার্ড-৩৫ কে ১ (এক) লক্ষ টাকা প্রাইজ মানি প্রদান করা হবে। ক্রিকেট টুর্নামেন্টে চ্যাম্পিয়ন দল ওয়ার্ড-৭ কে ১০ (দশ) লক্ষ টাকা, রানার আপ ওয়ার্ড-২৮ কে ৫ (পাঁচ) লক্ষ টাকা প্রদান করা হবে। ভলিবল টুর্নামেন্ট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন দল ওয়ার্ড-১ কে ৫ (পাঁচ) লক্ষ টাকা, রানার আপ দল ওয়ার্ড-২ কে ৩ (তিন) লক্ষ টাকা এবং তৃতীয় স্থান অধিকারী দল ওয়ার্ড-৭- কে ১ (এক) লক্ষ টাকা পুরস্কার প্রদান করা হবে। অতপর তিনি ডিএনসিসি মেয়র'স কাপ-২০২১ প্রতিযোগিতায় বিজয়ী, রানার আপ এবং ৩য় স্থান অধিকারী ওয়ার্ডসমূহকে পুরস্কার প্রদানের লক্ষ্যে ডিএনসিসি'র তহবিল হতে ৫০ (পঞ্চাশ লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদনের জন্য কর্পোরেশন সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত		ডিএনসিসি মেয়র'স কাপ-২০২১ প্রতিযোগিতায় বিজয়ী, রানার আপ এবং ৩য় স্থান অধিকারী ওয়ার্ডসমূহকে পুরস্কার প্রদানের লক্ষ্যে ডিএনসিসি'র তহবিল হতে ৫০ (পঞ্চাশ লক্ষ) টাকা ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৪	:	১৪ নং ওয়ার্ডের পশ্চিম শেওড়াপাড়া এলাকায় গোরস্থান নির্মাণে ৬ কাঠা জমি ক্রয়ের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হতে মোট ৩,৬০,০০,০০০/- (তিন কোটি ষাট লক্ষ) টাকা অনুদান/সহায়তার অনুমোদন প্রসঙ্গে।
আলোচনা	:	জনাব মোঃ হুমায়ুন রশীদ, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৪ সভাকে জানান, ১৪নং ওয়ার্ড ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অন্যতম বড় ওয়ার্ড হওয়া সত্বেও এ ওয়ার্ডটি অপরিকল্পিত। ওয়ার্ডে হাট-বাজার, গোরস্থান, খেলার মাঠ, স্কুল, কলেজ নেই। ১৪ নং ওয়ার্ড পশ্চিম শেওড়াপাড়া, মিরপুর থানাধীন এলাকায় কোন গোরস্থান না থাকায় মৃতদেহ দাফনে এলাকার জনগণের চরম দুর্ভোগ পোহাতে হয়। তিনি বলেন যে, পশ্চিম শেওড়াপাড়া এলাকায় ব্যক্তি মালিকানাধীন ২ কাঠা জমির গোরস্থানের পার্শবর্তী ১১ কাঠার জমির সন্ধান পাওয়া গেছে। উক্ত জমির ৬ কাঠা মালিক পক্ষ বিক্রি করতে রাজি আছেন। ডিএনসিসি তহবিল হতে আর্থিক সহায়তা/ অনুদান পেলে ৬ কাঠা জমি ক্রয় করে গোরস্থানটি বড় করে দাফনের ব্যবস্থা করা হবে। জমির মূল্য প্রতি কাঠা ৬০ (লক্ষ) হিসেবে ৬ কাঠা জমির মূল্য ৩ কোটি ৬০ লক্ষ টাকা ।ডিএনসিসি'র তহবিল হতে অনুদান পেলে ১১ কাঠা জমির বাকী ৫ কাঠা এলাকাবাসীর সহযোগিতায় ক্রয় করে এলাকার জনসাধারণের জন্য কবরস্থানটি উন্মুক্ত করে দেয়া হবে। তিনি ১৪নং ওয়ার্ডের এলাকাবাসীর পক্ষ থেকে গোরস্থান নির্মাণের জন্য ৩ কোটি ৬০ লক্ষ টাকা জমি ক্রয়ের জন্য সহায়তা/অনুদান প্রদানের জন্য কর্পোরেশন সভায় উপস্থাপন করেন। জনাব মোঃ হুমায়ুন রশীদ, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৪ এর প্রস্তাব সমর্থন করে জনাব দেওয়ান আবদুল মান্নান, কাউন্সিলর ওয়ার্ড নং ১১, জনাব কাজী জহিরুল ইসলাম মানিক, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩ এবং জনাব মোঃ সাজ্জাদ হোসেন সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং-০২ বক্তব্য প্রদান করেন। জনাব মো: মফিজুর রহমান, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯ বলেন, জনাব মোঃ হুমায়ুন রশীদ, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৪ এর প্রস্তাবটি জনহিতকর। কিন্তু উক্ত প্রস্তাবনাটি কর্পোরেশনের সক্ষমতা যাচাইয়ের জন্য অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।
সিদ্ধান্ত		১৪ নং ওয়ার্ডের পশ্চিম শেওড়াপাড়া এলাকায় গোরস্থান নির্মাণে ৬ কাঠা জমি ক্রয়ের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হইতে মোট ৩,৬০,০০,০০০/- (তিন কোটি ষাট লক্ষ) টাকা অনুদান/সহায়তার অনুমোদনের বিষয়টি অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন		প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আতিকুল ইসলাম
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি, কর্পোরেশন সভা

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৩.২০- ৬২৮ তারিখ: ১২/০৫/২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ..../সংরক্ষিত আসন নং ...., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. বিভাগীয় প্রধান (সকল), ... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল .... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

(৩–৫:) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সচিব দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৬. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. প্রকল্প পরিচালক, ... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১. নির্বাহী প্রকৌশলী, ... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২. কর কর্মকর্তা, ... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. সহকারী স্বাস্থ্য কর্মকর্তা .... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৪. সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৫. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৬. অফিস কপি।

১২/০৫/২০২২
মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
সচিব (যুগ্মসচিব)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।